রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩০, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(সেকশন-৫)

বিজ্ঞপ্তি

ঢাকা, ৩০শে এপ্রিল, ১৯৮৭/১৬ই বৈশাখ, ১৩৯৪

নং এস, আর, ও ৭৮-আইন/৮৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের অনুবিধিতে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নেবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেনঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা স্থানীয় সরকার প্রকৌশল ব্যুরো (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়;—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্মকমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন পদে অথবা পদ শ্রেণীতে নিয়োগ করিবার জন্য সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবেন ;

(ঘ) "পদ" বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত কোন পদের যোগ্যতাকে বুঝাইবে;

(চ) "শিক্ষানবিস" বলিতে কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে;



মূল্য : ৬০ পয়সা

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা অথবা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত কোন শিক্ষা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি ইত্যাদি**।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে ; যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ; এবং

(গ) বদলীর মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যদি তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয় তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) বাংলাদেশ সরকারী কর্মকমিশন প্রবিধানমালা, ১৯৭৯-এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের অথবা ক্ষেত্র বিশেষে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশে ডমিসাইলড না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষ তৎকর্তৃক মনোনীত, কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না যদি তিনি উক্ত পদের জন্য কমিশন বা (১) উপ-বিধিতে উল্লেখিত কমিটি কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) নির্ধারিত পরীক্ষা, মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে উচ্চতর শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **বদলীর মাধ্যমে নিয়োগ।**—কোন পদে উহার সমমর্যাদা সম্পন্ন ও একই ধরণের প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন পদের পদাধিকারীদের মধ্য হইতে বদলীর মাধ্যমে নিয়োগ করা যাইবে।

৭। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস রূপে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ বা মেয়াদসমূহ এইরূপে সম্প্রসারণ করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বছরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষা নবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কাজ কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষা নবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকা কালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক, তবে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করেন যে উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, তবে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাঁহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রকৌশল উপদেষ্টা | | তত্বাবধায়ক প্রকৌশলীর পদোন্নতির মাধ্যমে | তত্বাবধায়ক প্রকৌশলীরূপে ২ বৎসরের চাকুরীসহ ১৫ বৎসরের প্রথম শ্রেণীর চাকুরী। |
| ২ | তত্বাবধায়ক প্রকৌশলী | | নির্বাহী প্রকৌশলীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পুর কৌশলে কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী অথবা এ, এম, আই, ই এর সেকশন 'এ' এবং 'বি' পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ফিডার পদে ৫ বৎসরের চাকুরী সহ ১২ বৎসরের প্রথম শ্রেণীর চাকুরী। |
| ৩ | নির্বাহী প্রকৌশলী | | সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে— | (ক) ফিডার পদে ৫ বৎসরের চাকুরী; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ৪ | সহকারী প্রকৌশলী | ১৮ হইতে ২৭ বৎসর | (ক) ⅔ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>পুর কৌশলে কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী অথবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) ½ ভাগ উপ-সহকারী প্রকৌশলী, এস্টিমেটর অথবা নকশাকারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | এ, এম, আই, ই-এর সেকশন 'এ' এবং 'বি' পরীক্ষায় উত্তীর্ণ।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |
| ৫ | উপজেলা প্রকৌশলী | ১৮ হইতে ২৭ বৎসর | ঐ | ঐ |
| ৬ | উপ-সহকারী প্রকৌশলী | ঐ | (১) ৯০% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং<br>(২) ১০% সার্ভেয়ার বা কার্য্যসহকারী দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট হইতে পুর কৌশলে ডিপ্লোমা।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) সার্ভেয়ার হিসাবে ১৫ বৎসরের চাকুরী; অথবা কার্য্যসহকারী হিসাবে ২০ বৎসরের চাকুরী; এবং<br>(খ) বিভাগীয় ও নির্ধারিত কারীগরী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ৭ | এস্টিমেটর (উপ-সহকারী প্রকৌশলী)। | ঐ | ঐ | ঐ |
| ৮ | নকসাকার (উপ-সহকারী প্রকৌশলী)। | ঐ | ঐ | ঐ |
| ৯ | প্রধান সহকারী (প্রধান অফিস)। | | প্রধান অফিসের হিসাব রক্ষক, মুদ্রাক্ষরিক-লিপিকার অথবা উচ্চমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষক অথবা মুদ্রাক্ষরিক-লিপিকাররূপে ৩ (তিন) বৎসরের অথবা উচ্চমান সহকারীরূপে ৫ বৎসরের চাকুরী। |
| ১০ | হিসাব রক্ষক (প্রধান অফিস) | . . | জেলা অফিসের প্রধান সহকারী-কাম-হিসাব রক্ষক এবং উপজেলা অফিসের হিসাব রক্ষক ও স্টোর-কিপারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | ষাঁট-লিপিকার | ১৮ হইতে ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট; এবং<br>(খ) প্রতি মিনিটে ষাঁট-লিপিতে বাংলায় ৭০ ও ইংরেজীতে ১০০ শব্দ এবং টাইপে বাংলায় ৩০ ও ইংরেজীতে ৩৫টি শব্দ লিখনের ক্ষমতা। |
| ১২ | ষাঁট-মুদ্রাক্ষরিক | ঐ | ঐ | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ; এবং<br>(খ) প্রতি মিনিটে ষাঁট লিপিতে বাংলায় ৬০ ও ইংরেজীতে ৮০টি শব্দ এবং টাইপে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০টি শব্দ লিখনের ক্ষমতা। |
| ১৩ | উচ্চমান সহকারী (প্রধান অফিস)। | ঐ | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে ৫০%;<br>(২) পদোন্নতির মাধ্যমে ৫০%; নিম্নবর্ণিত কোটা অনুসারেঃ—<br>(ক) প্রধান অফিসের নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক ও উপজেলা অফিসের অফিস সহকারীদের মধ্য হইতে ২৫%;<br>(খ) উপজেলা অফিসের ক্লার্ক-কাম-টাইপিস্টদের মধ্য হইতে ১০%; এবং<br>(গ) ষাঁট-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে ১৫%। | সরাসরি নিয়োগের মাধ্যমেঃ<br>স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী।<br>পদোন্নতির ক্ষেত্রেঃ<br>(ক) ফিডার পদে পাঁচ বছরের চাকুরী; এবং<br>(খ) সাফল্যজনকভাবে সরকার কর্তৃক নির্ধারিত ট্রেনিং গ্রহণ করিতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | প্রধান সহকারী-কাম-হিসাব রক্ষক (জেলা অফিস)। | .. | উপজেলা অফিসের হিসাব সহকারী, ক্লার্ক-কাম-টাইপিস্ট ও অফিস সহকারী এবং প্রধান অফিসের নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |
| ১৫ | হিসাব রক্ষক (উপজেলা অফিস)। | .. | উপজেলা অফিসের হিসাব সহকারীর পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |
| ১৬ | স্টোর কিপার (উপজেলা অফিস)। | ১৮ হইতে ২৭ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে, ৯০% এবং<br>(২) উপজেলা অফিসের কার্য্যসহকারী, ইলেকট্রিশিয়ান, হিসাব সহকারী, ক্লার্ক-কাম-টাইপিস্ট এবং অফিস সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ১০%। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী, তবে মালামাল রক্ষণাবেক্ষণের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন।<br>**পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |
| ১৭ | সার্ভেয়ার (উপজেলা অফিস)। | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যম | সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট-এর ডিপ্লোমা। |
| ১৮ | কার্য্যসহকারী (উপজেলা অফিস)। | ঐ | ঐ | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। |
| ১৯ | ইলেকট্রিশিয়ান (উপজেলা অফিস)। | ঐ | ঐ | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ ইলেকট্রিসিটি লাইসেনসিং বোর্ডের সার্টিফিকেট। |
| ২০ | হিসাব সহকারী (উপজেলা অফিস)। | ঐ | ঐ | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১ | অফিস সহকারী (উপজেলা অফিস)। | ঐ | ঐ | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২২ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক (প্রধান অফিস)। | ১৮ হইতে ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ; এবং<br>(খ) টাইপে প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০টি শব্দ লিখনের ক্ষমতা। |
| ২৩ | ক্লার্ক-কাম-টাইপিষ্ট (উপজেলা অফিস)। | ঐ | ঐ | ঐ |
| ২৪ | এ্যামোনিয়া মেশিন অপারেটর | .. | এম, এল, এস, এস-দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | এম, এল, এস, এস, হিসাবে ২ বৎসরের চাকুরী। |
| ২৫ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | .. | ঐ | ঐ |
| ২৬ | গাড়ী চালক | ১৮ হইতে ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ লাইসেন্স-সহ মটর গাড়ী চালনায় ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৭ | চৌকিদার | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ এবং সুষ্ঠু দৈহিক গঠন। |
| ২৮ | এম, এল, এস, এস | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হোসাইন আহমদ**

সচিব।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।